তারিখ ... 09 APR 2016 ...
পৃষ্ঠা ... 76 কলাম ... 6 ......

দৈনিক জনকণ্ঠ

# সিরাজদিখানে নয়া স্কেলে বেতন উত্তোলনে উৎকোচ আদায়

**স্টাফ রিপোর্টার, মুন্সীগঞ্জ ॥** সিরাজদিখানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা নতুন স্কেলে বেতন পাওয়ার ক্ষেত্রে হয়রানির শিকার হচ্ছে। চলছে বেতন উত্তোলন নিয়ে সরকারী শিক্ষকদের কাছে উৎকোচ আদায়! গত মাসের ১০ তারিখের মধ্যে নতুন পে স্কেলে বেতন (এরিয়ার টাকাসহ) দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে আদেশ দিলেও সেই আদেশ মানেনি সিরাজদিখান উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ও সিরাজদিখান উপজেলা হিসাবরক্ষণ অফিস। শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ গত ১০ দিন অতিবাহিত হলেও নতুন স্কেলে বেতন পায়নি সরকারী শিক্ষকরা। জানা গেছে, সিরাজদিখান প্রাথমিক শিক্ষক সমিতি ও উপজেলা হিসাবরক্ষণ অফিসে বেতন ছাড় করানোর কথা বলে উপজেলার ১২৮ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৭৮০ শিক্ষকের প্রত্যেকের কাছ থেকে ৫০০ টাকা করে সর্বমোট ৩ লাখ ৯০ হাজার টাকা উৎকোচ আদায় করা হয়েছে। কতিপয় শিক্ষক নেতাই ওই টাকা তুলেছেন বলে অভিযোগ। সাধারণ শিক্ষকদের জিজ্ঞাসা ঘুষ দেয়ার পরেও কি কারণে তারা তাদের বেতন তুলতে পারল না। তথ্যানুসন্ধানে জানা গেছে, সিরাজদিখান উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি ও উপজেলা হিসাবরক্ষণ অফিসে অর্থ না দেয়ায় প্রাথমিক শিক্ষা অধিদফতরের নির্দেশনার পরেও এরিয়ার বিলসহ বেতন পাচ্ছে না সহকারী শিক্ষকরা। শিক্ষা মন্ত্রণালয় থেকে গত ১০ ডিসেম্বরের মধ্যে বিল উত্তোলনের নির্দেশনা দিলেও শিক্ষকরা ২০১৬ সালের ৯ এপ্রিলও বিল পাননি। অভিযোগ রয়েছে, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি ও উপজেলা হিসাবরক্ষণ অফিসের দাবিকৃত অর্থ পরিশোধ না করায় বিল দেয়া হচ্ছে না। উপজেলা শিক্ষক সমিতির কয়েক কর্মকর্তা ও উপজেলা হিসাবরক্ষণ অফিসের কয়েক কর্মকর্তা শিক্ষকদের কাছে মোটা অঙ্কের অর্থ দাবি করে। এ অর্থ তোলেন উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মোঃ আনোয়ার হোসেনের নেতৃত্বে কয়েক শিক্ষক। তবে উপজেলা প্রাইমারি শিক্ষক সমিতির সভাপতি আনোয়ার হোসেন অর্থ গ্রহণের কথা অস্বীকার করেন। আর উপজেলা প্রাইমারি শিক্ষা কর্মকর্তা বেলায়েত হোসেন জানান, বেশ কিছু শিক্ষককের কাগজে ভুল থাকায় বিল দিতে বিলম্ব হয়েছে। টাকা ওঠানোর বিষয় আমি কিছুই জানি না।